

# আপনার শিশুর অগ্রগতি পর্যবেক্ষণ করার জন্য ইনফিনিটি ক্যাম্পাস ব্যবহার করার তাৎক্ষণিক পরামর্শ

## • উপস্থিতি: আপনার শিশুর উপস্থিতির বিস্তারিত স্ক্যান করুন

- অনুপস্থিতির পরিমাণ কি সঠিক বলে মনে হচ্ছে?
- আপনি যদি মনে করেন এতে কোনো ভুল রয়েছে:

- আপনার শিশু অনুপস্থিত ছিল এমন তারিখগুলোর দিকে নজর দিন।
- আপনার শিশুর সাথে কথা বলুন এবং তালিকাভুক্ত দিনগুলোতে তারা উপস্থিত ছিল কি না তা তাদেরকে জিজ্ঞাসা করুন।
- আপনি যদি মনে করেন এতে কোনো ভুল রয়েছে তাহলে আপনার শিশুর স্কুলের অ্যাটেন্ডেন্স অফিসে কল করুন।

COURSE	ABSENT	TARDY
ADVISORY 6	0	0
G6: BAND	1	0
G6: ELA	0	0
G6: MATH	1	1

## • গ্রেডসমূহ: আপনার শিশুর গ্রেডসমূহ স্ক্যান করুন

- আপনার সন্তানের গ্রেডসমূহ কি আপনার সন্তানের মেধানুযায়ী পরিবারের প্রত্যাশা পূরণ করে?
- আপনার সন্তানের প্রতিটি আলাদা আলাদা ক্লাস বা বিষয় সম্পর্কে তাদের সাথে কথা বলুন।
- এমনকি আপনার সন্তান যদি প্রত্যাশা অনুযায়ী তাদের গ্রেড অর্জন করতে না পারে তারপরও তাদের প্রচেষ্টা ও অধ্যবসায়ের জন্য তাদের প্রশংসা করুন।
- এই বলে তাদের মনোবল বাড়ান যে আপনি জানেন তারা আপনার প্রত্যাশা পূরণে সক্ষম এবং আরো বলুন আপনি ও তাদের শিক্ষক তাদের সফলতা অর্জনে সহায়তা করার জন্য সবসময় তাদের পাশেই রয়েছেন।
- তারা কোনো বিষয় বা ক্লাসে সমস্যায় পড়লে প্যারেন্ট পোর্টালটি দেখার সময় নিম্নলিখিত প্রশ্নের মাধ্যমে কথা বলুন:

Overall Grade	Behavior	Work Ethic	Academic Warning
C (79.5%) In-progress	A (95%) In-progress		(83.77%)

## ○ আপনি কি অ্যাসাইনমেন্ট মিস করছেন?

- উত্তর হ্যাঁ হলে, মিস করা অ্যাসাইনমেন্টের দিনগুলোর দিকে তাকান। আপনার সন্তান অ্যাসাইনমেন্ট প্রস্তুত বা পুনরায় সাজাতে পারবে কি না তা সম্পর্কে তাদের শিক্ষকদের সাথে আলোচনা করতে বলুন।
- যদি আপনার সন্তানের তাদের শিক্ষকদের জিজ্ঞাসা করার বিষয়টি মনে না থাকে তাহলে শিক্ষকদের সরাসরি ইমেইল করুন বা মিস করা অ্যাসাইনমেন্ট সংগ্রহ করার জন্য আপনার স্কুলের সাপোর্ট স্টাফ (FACE লিয়াজোঁ, ফ্যামিলি গ্রাজুয়েশন অ্যাডভোকেট বা কাউন্সেলিং স্টাফ)-এর সাথে যোগাযোগ করুন।
- আপনার সন্তানের মিস করা অ্যাসাইনমেন্ট সম্পন্ন করার জন্য তাদের প্রতি জোর দিন। অ্যাসাইনমেন্টগুলো সম্পন্ন করতে পারলে বাড়িতে পুরস্কার প্রদানের পাশাপাশি অ্যাসাইনমেন্টগুলো সম্পন্ন না হওয়া পর্যন্ত সুযোগ-সুবিধা সীমিত রাখার বিষয়টি বিবেচনা করুন।
- **পরামর্শ:** অ্যাসাইনমেন্ট ট্যাবে ক্লিক করে ট্যাবের শীর্ষে “মিসিং” ও “কারেন্ট টার্ম” এ ক্লিক করুন।
- মনে রাখুন যে কিছু অ্যাসাইনমেন্ট “মিসিং” হিসেবে চিহ্নিত করা নাও থাকতে পারে তাই “0” রয়েছে এমন অ্যাসাইনমেন্টেরও প্রতিটি ক্লাসই স্ক্যান করাই সবচেয়ে ভালো।

Missing	Current Term	Today
Friday 12/06	INTRO TO SPANISH LITERACY 1-2	MISSING
Thursday 02/20	No assignments.	

## ○ আপনি কি কুইজ বা টেস্ট সমস্যা অনুভব করছেন?

- পড়াশোনার ব্যাপারে তাদের ধারণা প্রয়োজন কি না তা তাদের জিজ্ঞাসা করুন।
- তারা পরীক্ষা সম্পর্কিত তথ্যাদি বোঝার ক্ষেত্রে সমস্যা অনুভব করছে কি না তা তাদের জিজ্ঞাসা করুন।
- অতিরিক্ত অনুশীলন বিষয়ক ধারণা, স্কুলে বা অনলাইনে পড়ালেখা বা অতিরিক্ত সহায়তা সম্পর্কে আপনার সন্তানের শিক্ষকদের সাথে কথা বলতে তাদের উৎসাহিত করুন।
- যদি আপনার সন্তান তাদের শিক্ষকদের অনুসরণ না করে তাহলে অতিরিক্ত সহায়তার জন্য আপনি কী কী ব্যবস্থা অ্যাক্সেস করতে পারেন তা জানতে সরাসরি শিক্ষকের সাথে যোগাযোগ করুন।